

ঢাকা : রোববার ৩০ পৌষ ১৪২৫  
Dhaka : Sunday 13 January 2019

# গাজীপুর বারি উদ্ভাবিত প্রযুক্তি শীর্ষক প্রশিক্ষণ

প্রতিনিধি, গাজীপুর

কৃষি সম্প্রসারণ অধিদফতরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাসব্যাপী 'বারি উদ্ভাবিত প্রযুক্তি' শীর্ষক প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। শনিবার সকালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। বারি'র মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) কমলারঞ্জন দাস। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদফতরের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশিক্ষণ উইং) কৃষিবিদ মো. আবুল হাশিম। অনুষ্ঠানে কমলারঞ্জন দাস বলেন, বর্তমানে আবহাওয়া পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়ায় কৃষি প্রযুক্তির উদ্ভাবন এবং মাঠ পর্যায়ে এগুলোর যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আবদুল ওহাব। এ সময় পরিচালক (পরিচালনা ও মূল্যায়ন), ড. সৈয়দ নুরুল আলম, পরিচালক (তৈলবীজ গবেষণা) ড. মো. লুৎফর রহমান, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মদন গোপাল সাহা এবং সকল বিভাগের বিভাগীয় প্রধানসহ প্রায় ৮০ জন বিশেষজ্ঞ বিজ্ঞানী উপস্থিত ছিলেন। কৃষি সম্প্রসারণ অধিদফতরের মাঠ পর্যায়ের ৩০ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

ঢাকা

রবিবার

৩০ পৌষ

১৪২৫ বঙ্গাব্দ

দৈনিক

# জনকণ্ঠ

নীতির প্রশ্নে আপোসহীন

## গাজীপুরে ডিএইর কর্মকর্তাদের প্রশিক্ষণ

### শুরু

স্টাফ রিপোর্টার, গাজীপুর । কৃষি সম্প্রসারণ অধিদফতরের (ডিএই) মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাসব্যাপী প্রশিক্ষণ শনিবার শুরু হয়েছে। সকালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) সেমিনার কক্ষে 'বারি উদ্ভাবিত প্রযুক্তি' শীর্ষক এ প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) কমলারঞ্জন দাশ। বারির মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, কৃষি সম্প্রসারণ অধিদফতরের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশিক্ষণ) কৃষিবিদ ড. মোঃ আবুল হাশিম। অনুষ্ঠানে প্রশিক্ষণের বিষয়বস্তুর ওপর আলোকপাত করে স্বাগত বক্তব্য রাখেন বারির পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মোঃ আব্দুল ওহাব। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বর্তমানে আবহাওয়া পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়ায় কৃষি প্রযুক্তির উদ্ভাবন এবং মাঠ পর্যায়ে এগুলোর যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। পাশাপাশি ক্রমশঃ জনসংখ্যা বৃদ্ধির মোকাবেলায় বিজ্ঞাপনীদের নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন এবং সেসব প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে চাহিদা অনুযায়ী খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে বারি উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি উপস্থাপন করেন ইনস্টিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় বারির পরিচালক (পারিকল্পনা ও মূল্যায়ন) ড. সৈয়দ নুরুল আলম, পরিচালক (তেলবীজ গবেষণা) ড. মোঃ লুৎফর রহমান, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মদন গোপাল সাহাসহ সব বিভাগের প্রধানসহ প্রায় ৮০ বিশেষজ্ঞ বিজ্ঞানী উপস্থিত ছিলেন।

